কিছু উদাহরণ:

আপনি একজন সমকামী নারী ও আপনার প্রেমিকাকে নিয়ে একটি ছুটির দিনের পার্টিতে গেলেন। কাজের জায়গায় ফিরে যাওয়ার পর আপনি আপনার ডেস্কে সমকামীদের প্রতি বিতৃষ্ণা প্রকাশ করা জিনিশপত্র হাজির হতে থাকতে দেখলেন। এটা কি বেআইনি?

আপনাকে অবিলম্বে ঘটনাটি কোম্পানির দ্বারা অভিযোগ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির কাছে রিপোর্ট করতে হবে। আপনাকে নিজের কাছে রেকর্ড রাখতে যাবতীয় জিনিশপত্রের প্রতিলিপি রেখে দিন।

আপনি একজন মহিলা ভাইস প্রেসিডেন্ট এবং পদোন্নতির ক্ষেত্রে অসংখ্যবার আপনাকে উপেক্ষা করা হয়েছে। প্রতিটি ক্ষেত্রে, একজন কম যোগ্য পুরুষকে পদোন্নতি দেওয়া হয়েছে। এটা কি বেআইনি?

আপনার লিঙ্গের কারণে পদোন্নতির ক্ষেত্রে আপনাকে উপেক্ষা করা হয়ে থাকলে তা বেআইনি।

আপনি আপনার নিয়োগকর্তার বিরুদ্ধে একটি জাতি বৈষম্যের সরল বিশ্বাসী দাবি দায়ের করলেন। সঙ্গে সঙ্গে আপনার পদাবনতি ঘটানো হল। এটা কি বেআইনি?

একটি পৃথক প্রতিশোধের দাবি দায়ের করুন, কারণ পদাবনতির সময় একটি বৈষম্যমূলক ও প্রতিশোধমূলক অভিপ্রায় সূচিত করে।

আপনাকে কি শাখার কাছে দায়ের করার আগে আপনার নিয়োগকর্তার কাছে একটি বৈষম্যের অভিযোগ দায়ের করতে হবে?

আপনার তা করার প্রয়োজন নেই। যদিও, অনেক ক্ষেত্রে, আপনার নিয়োগকর্তাকে বৈষম্যের বিজ্ঞপ্তি ও প্রতিকারের সুযোগ না দেওয়া হয়ে থাকলে তাদেরকে দায়ী করা চলবে না।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কার্জটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

নিয়োগ বৈষম্যের প্রাথমিক নির্দেশিকা

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Basic Guide to Employment Discrimination

নিয়োগ বৈষম্যের একটি প্রাথমিক নির্দেশিকা

নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইন দেশের সবচেয়ে বিস্তৃত বিধিগুলির অন্যতম। এই আইনে কোনও কর্মচারীর নিয়োগ ও বরখাস্ত করায় বৈষম্য, ক্ষতিপূরণ দেওয়ায় বৈষম্য এবং চাকরির নিয়ম, শর্তাবলী বা সুবিধাসমূহের বৈষম্যকে নিষিদ্ধ করা হয়।

মানবাধিকার আইনে কোনও ব্যক্তির বয়স, জাতি, ধর্মবিশ্বাস, বর্ণ, মূল জাতীয়তা, যৌন পছন্দ, সামরিক স্থিতি, লিঙ্গ, প্রতিবন্ধকতা, গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থা, গৃহহিংসার শিকার হিসেবে স্থিতি, জিনগত পূর্বধারণা অথবা পেশাগত স্থিতি, পারিবারিক স্থিতি বা বৈবাহিক স্থিতির ভিত্তিতে নিয়োগে বৈষম্য নিষিদ্ধ করা হয়। উপরন্তু, যে সকল কর্মচারী বৈষম্যের অভিযোগ দায়ের করেন তারা তাদের নিয়োগকর্তাদের প্রতিশোধের থেকে সুরক্ষিত।

আইনটি চার বা তার বেশি কর্মচারী রয়েছে এমন নিয়োগকর্তাদের জন্য প্রযোজ্য। নিয়োগকর্তার এমনকি চারজনের কমসংখ্যক কর্মচারী থাকলেও যৌন হয়রানি বেআইনি।

আভ্যন্তরীণ অভিযোগ প্রক্রিয়া।

বেশিরভাগ নিয়োগকর্তার কর্মস্থলে বৈষম্যের অভিযোগ জানানোর আভ্যন্তরীণ প্রক্রিয়া রয়েছে। আপনার নিয়োগকর্তার তা থাকলে আপনাকে প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে এবং মনোনীত কর্পোরেট প্রতিনিধির কাছে সেই আচরণের রিপোর্ট করতে হবে।

অনেক ক্ষেত্রেই, ইনি হলেন মানবসম্পদ পরিচালক, সাধারণ কৌঁসুলি বা আপনার সুপারভাইজার। আপনার সুপারভাইজার বৈষম্যমূলক আচরণে জড়িত ব্যক্তি হলে আপনাকে পরিচালক গোষ্ঠীর আরও বরিষ্ঠ পদে থাকা কারুর কাছে অভিযোগ জানাতে হবে।

শাখার বা অন্য কোনও সংস্থার কাছে দায়ের করার আগে আভ্যন্তরীণ অভিযোগ প্রণালী অনুসরণে ব্যর্থতা আপনার কেসটির উপর বিপরীত প্রভাব ফেলতে পারে।

কথিত বৈষম্যমূলক আচরণের একটি রেকর্ড রাখুন।

সুপারভাইজার বা পরিচালক গোষ্ঠীর কাছে করা যাবতীয় অভিযোগের লিখিত স্মারকলিপি রাখা নিশ্চিত করা জরুরি। আপনার নিয়োগকর্তা অভিযোগ প্রাপ্তি অস্বীকার করলে মৌখিক অভিযোগ প্রমাণ করা প্রায়শই কঠিন হয়ে পড়তে পারে।

আপনাকে যে বৈষম্যমূলক আচরণ সাপেক্ষ করা হয়েছে আপনার পক্ষে তা প্রতিফলিত করে এমনভাবে লিপিবদ্ধ করা অথবা তার লগ বা ডাইরি রাখার জোরালো সুপারিশ করা হচ্ছে। আপনার লগ বা ডাইরি সমকালীন ভিত্তিতে রাখতে হবে। অন্যভাবে বললে, আপনাকে এই আচরণ ঘটার পর দৈনিক ভিত্তিতে বা যত শীঘ্র সম্ভব তা লিপিবদ্ধ করতে হবে। এই লগ বা ডাইরি বাড়িতে রাখাই সবচেয়ে ভালো।

ক্ষতি প্রশমিত করার দায়িত্ব

আপনার নিয়োগকর্তার দ্বারা আপনাকে বরখাস্ত করা হলে আপনার আর্থিক ক্ষতি এড়াতে চাকরি খোঁজার যুক্তিসঙ্গত প্রয়াস করা আবশ্যক। একেই আপনার ক্ষতি প্রশমিত করা বলে।

আপনি যে চাকরি খোঁজার যুক্তিসঙ্গত প্রয়াস করেছেন তা প্রতিষ্ঠা করতে আপনার কাছে যাবতীয় কভার লেটারের, ই-মেলের ও আপনার প্রয়াস প্রদর্শিত করে এমন নথিপত্রের রেকর্ড রাখার সুপারিশ করা হচ্ছে।

ক্ষতি প্রশমিত করতে ব্যর্থ হলে তা প্রদত্ত ক্ষতিপূরণের রাশির উপর নেতিবাচক প্রভাব বিস্তার করতে পারে, যদি আপনার অভিযোগটি জয়ী হয়।

আপনার অভিযোগ নিয়ে আপনি জয়ী হলে আপনার কাছে কী কী প্রতিকার পেতে পারেন?

প্রকৃত ক্ষতিপূরণ: এর মধ্যে পড়ে বকেয়া বেতন ও হারানো সুবিধা বাবদ ক্ষতিপূরণ, যেমন, স্বাস্থ্যবিমার কভারেজ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাসমূহ।

ক্ষতিপূরণ বাবদ খেসারত: মানসিক পীড়ন, যন্ত্রণা ও কষ্ট ভোগ করা বাবদ ক্ষতিপূরণ।

আপনি যে পদে ছিলেন তাতে পুনর্বহাল ও অন্যান্য ন্যায্য উপশম, যেমন, অনিষ্টকারীকে কিছু নির্দিষ্ট আচরণ বন্ধ করার ও তা থেকে বিরত থাকার আদেশ দেওয়া অথবা দৃঢ়ভাবে বৈষম্য-বিরোধী নীতি গ্রহণ করা।